# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

## ২০১৫ সালের আগস্ট, মাসের কার্যসম্পাদনের পর্যালোচনা

১। ক) উৎপাদন :

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীন ১৫ টি চিনিকলে ২০১৫-২০১৬ মাড়াই মৌসুমে ১৬০০০০০ মে.টন ইক্ষু মাড়াই করে ৭.৫৮% চিনি আহরণ হারে ১২১২৬০ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। করপোরেশনের কারখানাগুলোতে মাস-ওয়ারী পণ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপ:

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ উৎপাদনের পরিমাণ | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | চিটাগুড় (মে.টন) | স্পিরিট এন্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) | |
| জুলাই,২০১৫ | অমৌসুম | অমৌসুম | ৩৩০৪৪১ | ৪৯.২৫ | |
| অগাস্ট,২০১৫ | অমৌসুম | অমৌসুম | ২২৩৫১৯ | ১০০.৬৪ | |
| সেপ্টেম্বর,২০১৫ | | | | | |
| অক্টোবর,২০১৫ | | | | | |
| নভেম্বর,২০১৫ | | | | | |
| ডিসেম্বর,২০১৫ | | | | | |
| জানুয়ারি,২০১৬ | | | | | |
| ফেব্রুয়ারি,২০১৬ | | | | | |
| মার্চ,২০১৬ | | | | | |
| এপ্রিল,২০১৬ | | | | | |
| মে,২০১৬ | | | | | |
| জুন,২০১৬ | | | | | |
| মোট ঃ | | | ৫৫৩৯৬০ | ১৪৯.৮৯ | |

খ) উৎপাদন (পরিমাণ) :

চিনি: আগস্ট,২০১৫ মাস চিনি উৎপাদনের অমৌসুম।

মোলাসেস: আগস্ট,২০১৫ মাস মোলাসেস উৎপাদনের অমৌসুম।

স্পিরিট ও এলকোহল :

আগস্ট,২০১৫ মাসে কেরুর ডিস্টিলারিতে ৪৬৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট ও এ্যালকোহল উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ২২৩৫১৯ প্রুফ লিটার উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৪৮%। এ সময় পর্যন্ত উৎপাদন ৫৫৩৯৬০ প্রুফ লিটার। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৪৩৪৭৮৮ প্রুফ লিটার। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ২৭% বেশি।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

আগস্ট,২০১৫ মাসেরেনউইক,যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ৯১.৬৭ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১৪৯.৮৯ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১১০%। এ সময় পর্যন্ত উৎপাদন ১৪৯.৮৯ মে.টন। বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয়। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৯৮.৪২ মে.টন। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ৫২% বেশি ।

উৎপাদন ব্যয় :

আগস্ট, ২০১৫ মাসে করপোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমুহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ১৩৩৭.২৮ লক্ষ টাকা। এ মাসে উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ৮৫৮.৬৪ লক্ষ টাকা। এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ২৬১৮.৯৮ লক্ষ টাকা। গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ২৫৩১.৪৯ লক্ষ টাকার তুলনায় ৩.৫% বেশি।

২। বিক্রয় (পরিমাণ) :

চিনি :

আগস্ট,২০১৫ মাসে চিনিকলসমহে ২৯০১.১৮ মে.টন চিনি বিক্রয় হয়। এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ৯২১৮.২৫ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ২৯৫৮৭.৬৫ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৬৯% কম।

মোলাসেস :

আগস্ট,২০১৫ মাসে চিনিকলসমহে ৫০৫৪.০০ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৫২০৪.৫৯ মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ১০৩%। এসময় পর্যন্ত বিক্রয় ৭৭৬৯.১৬ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ৯৯৭৪.১১ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ২২% কম ।

স্পিরিট ও এ্যালকোহল ও ফরেন লিকার :

আগস্ট,২০১৫ মাসে কেরু’র ডিস্টিলারিতে ৪৬৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২৭৫১৪৯ প্রুফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৫৯%। এ সময় পর্যন্ত বিক্রয় ৫৫২৩৬৪ প্রুফ লিটার। গত বছর এসময়ে বিক্রয় ছিল ৬৯৪৯৫৪ প্রুফ লিটার। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ২১% কম।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

আগস্ট,২০১৫ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ৯১.৬৭ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৮৬.০০ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৯৪%। এ সময় পর্যন্ত বিক্রয় ১৪৩.১৮ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৭২.২৬ মে.টন। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৯৮% বেশি।

বিক্রয়(মূল্য) :

আগস্ট,২০১৫ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমহে ২৯০১.১৮ মে. টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ৩৪৪১.২১ লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা এই মাসের বিক্রয় মল্যের লক্ষ্যমাত্রা ৩৯০১.৩৬ লক্ষ টাকার ৮৮%। এ সময় পর্যন্ত পর্যন্ত মোট বিক্রয় মূল্য ৭৪১৫.২২ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ১৫৭২৬.৮৪ লক্ষ টাকার তুলনায় ৫৩% কম। পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১-১৬ নম্বর পৃষ্ঠায় এনেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হল।

করপোরেশনের মাসওয়ারী প্রকৃত বিপণনের একটি পরিসংখ্যান নিম্নে দেওয়া হল :

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ প্রকৃত বিপণনের পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | | চিটাগুড় (মে.টন) | স্পিরিট অ্যান্ড এ্যালকোহল (প্রূফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) |
| | নিজস্ব উৎপাদিত | আমদানিকৃত | | | |
| জুলাই,২০১৫ | ৬৩১৭.০৮ | - | ২৫৬৪.৫৭ | ২৭৭২১৫ | ৫৭.১৮ |
| আগস্ট,২০১৫ | ২৯০১.১৮ | - | ৫২০৪.৫৯ | ২৭৫১৪৯ | ৮৬.০০ |
| সেপ্টেম্বর,২০১৫ | | - | | | |
| অক্টোবর,২০১৫ | | - | | | |
| নভেম্বর,২০১৫ | | - | | | |
| ডিসেম্বর,২০১৫ | | - | | | |
| জানুয়ারি,২০১৬ | | - | | | |
| ফেব্রুয়ারি,২০১৬ | | - | | | |
| মার্চ,২০১৬ | | - | | | |
| এপ্রিল,২০১৬ | | - | | | |
| মে,২০১৬ | | - | | | |
| জুন,২০১৬ | | - | | | |
| মোট ঃ | ৯২১৮.২৫ | - | ৭৭৬৯.১৬ | ৫৫২৩৬৪ | ১৪৩.১৮ |

৩। উৎপাদিত দ্রব্যাদির মজুদ :

আগস্ট,২০১৫ মাসের শেষে চিনিকলসমহে ১২৮৪২০.১৩ মে.টন চিনি মজুদ রয়েছে। গত বছর এই মাসান্তে চিনি মজুদের পরিমাণ ছিল ১৫৭২৭৫.৬০ মে.টন। আলোচ্য মাসান্তে বিভিন্ন শিল্প কারখানায় উৎপাদিত পণ্যাদি ও চিনির মজুদ মূল্য দাঁড়ায় ৫৩২০১.৬২ লক্ষ টাকা যা গত বছরের এ সময়ের মজুদ মূল্য ৬৬৬৫৬.৯২ লক্ষ টাকার তুলনায় ২০% কম। কারখানাভিত্তিক মজুদ বিবরণী ১৭-১৮ নং পৃষ্ঠায় এনেক্সার ৩ এ সংযুক্ত করা হল।

৪। উৎপাদন সহায়ক মালামালের মজুদ :

আগস্ট,২০১৫ মাসের শেষে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমহে উৎপাদন সহায়ক মালামালের মজুদ মূল্য দাঁড়ায় ২১১৫.৪৪ লক্ষ টাকা যাহা বিগত বছর এই মাসের শেষে মজুদ মূল্য ১২০৯.৫৯ লক্ষ টাকার তুলনায় ১১% বেশী। উৎপাদন সহায়ক মালামালের বিবরণী ১৯-২১ পৃষ্ঠায় এনেক্সার-৪এ সংযুক্ত করা হল।

৫। শুল্ক ও কর প্রদান :

করপোরেশনের সদর দপ্তর ও অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমহ হতে আগস্ট,২০১৫ মাসে ভ্যাট ও অন্যান্য কর বাবদ ৫৫৩.১৭ লক্ষ টাকা (ভ্যাট ৫৫১.৮৬ লক্ষ টাকা এবং অন্যান্য কর ১.৩১ লক্ষ টাকা) প্রদান করা হয়। এ সময় পর্যন্ত ভ্যাট ও অন্যান্য কর বাবদ মোট জমার পরিমান ৯৯৬.৫৪ লক্ষ টাকা।

-------------